নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৩২০০০-৭৭৩০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০২৬) ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি-এর ১(এক)টি স্থায়ী শূন্য উপ-সহকারী প্রকৌশলী (কম্পিউটার) পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে ন্যূনতম বিজ্ঞানে উচ্চ মাধ্যমিকসহ ডিপ্লোমা পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ এবং ০৩/০৪ বৎসর মেয়াদি কম্পিউটার বিশেষায়িত বিষয়ে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে বি.এসসি/সমমান পরীক্ষায় সিজিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ অথবা ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

পরিচালক, ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদপত্রসমূহের সত্যায়িত ফটোকপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৫-১১-২০২৬ তারিখের মধ্যে পরিচালক, ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ৪৪-৫০, হাজারীবাগ, ঢাকা-১২০৯-এর নিকট পৌছাইতে হইবে।

জি-১৭৫৬/১০/২৬ (৫"×৩)